**কর্মসূচর নাম: জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি**

❖ **উদ্দেশ্য:** মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কাযক্রম উন্নয়ন ও বৃত্তিমূলক আধূনিক প্রশিক্ষণের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের (১৬-৪৫) দক্ষতা বৃদ্ধিকরণের লক্ষ্যে ৬৪ জেলায় বিদ্যমান মহিলা প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে (WTC) আধূনিক এবং যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করা।

- আত্মকর্মসংস্থান অথবা মজুরী ভিত্তিক কর্মসংস্থানের মাধ্যমে সম্মানজনক জীবিকায়ন নিশ্চিত করে মহিলাদের পরিবার ও সমাজের কাযকর ক্ষমতায়ন নিশ্চিতকরণ;
- প্রশিক্ষণার্থীদের জীবিকা অর্জনের জন্য যুগোপযোগী, প্রয়োগমুখী ও বাজার চাহিদা ভিত্তিক মান সম্মত প্রশিক্ষণ প্রদান;
- অল্প সময়ে অধিক ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান;
- বিভিন্ন সেবামূলক ও দক্ষতা ভিত্তিক পেশায় জেন্ডার সমতা প্রদান।

❖ **কর্মসূচি বাস্তবায়ন এলাকা:** মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ৬৪ জেলার উপপরিচালকের কার্যালয়।

❖ **কর্মসূচির বিবরণ:**

- মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে সরকারী অর্থায়নে জুলাই ২০১০ হতে জুন ২০১৪ পর্যন্ত দেশের সকল জেলা সদরে "জেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) সমূহের প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন" শীর্ষক প্রকল্প সরকারী অর্থায়নে পরিচালিত হয়।
- ২০১৪-১৫ অর্থ বছর হতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে পরিচালন বাজেটের বিশেষ কার্যক্রম হিসেবে 'জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ' শীর্ষক কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে।
- প্রতি অর্থ বছরে ৫টি ট্রেডে ৩ (তিন) মাস মেয়াদে ৪ ব্যাচে ৬৪ জেলায় মোট (৫টি ট্রেড×২০ জন×৪টি ব্যাচ×৬৪ জেলা)= ২৫,৬০০ জন দুস্থ অসহায় নারীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
- মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিচালন ব্যয়ের জেলা কার্যালয় সমূহের কোড নং-৩২৩১৩০১ (প্রশিক্ষণ খাতের বরাদ্দ) হতে প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়।

❖ **কর্মসূচির আওতায় পরিচালিত ট্রেডসমূহ:**

১। ড্রেস মেকিংঅ্যান্ড টেইলারিং, ২।ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন, ৩। মোবাইল ফোন সার্ভিসিং, ৪।সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন, ৫।হর্টিকালচার নার্সারী/কিচেন গার্ডেনিং, ৬।কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, ৭।ব্লক বাটিক অ্যান্ড প্রিন্টিং, ৮।বক্স মেকিং এন্ড প্যাকেজিং, ৯। সো-পিস এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং, ১০।সুঁচিশিল্প (হ্যান্ড এমব্রয়ডারী ও কারচুপি ওয়ার্ক), ১১।ব্যাগ মেকিং/ কাগজের ঠোংগা/শপিং ব্যাগ তৈরি, ১২। মাশরুম চাষ, ১৩। জুট প্রডাক্ট, ১৪। এম্ব্রয়ডারী মেশিন অপারেটর এন্ড মেইনটেনেন্স , ১৫। মোমবাতি তৈরি।

বিদ্যমান ১৫টি ট্রেডের মধ্যে প্রতি জেলায় স্থানীয় চাহিদার ভিত্তিতে নির্বাচিত ৫টি ট্রেডে প্রশিক্ষণ চলমান।

❖ **প্রশিক্ষক নির্বাচন:** প্রতিটি জেলায় উপপরিচালকের কার্যালয়ে পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্রের জন্য 'স্থানীয় পর্যায়ে প্রশিক্ষক ও প্রশিক্ষণ নির্বাচন কমিটি'র মাধ্যমে নির্বাচিত ৫টি ট্রেডের অনুকুলে প্রশিক্ষক নির্বাচন করা হয়। ৬৪ জেলায় (৫ জন×৬৪ জেলা=) ৩২০ জন প্রশিক্ষক নির্বাচনপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রশিক্ষকদের প্রতি অর্থ বছরের ১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত ১(এক) বছর মেয়াদে নিয়োগ/চাকরি নবায়ন করা হয় ।

❖ **বাজেট বরাদ্দ:** ২০২৩-২০২৪ অর্থবছরে বরাদ্দ ৮২১.০০ লক্ষ (আট কোটি একুশ লক্ষ) টাকা।

❖ **অগ্রগতি:** জুলাই'২০১৪ হতে জুন ২০২৩ পর্যন্ত মোট ১,৪৮,৮৮৬ জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে নারী উদ্যোক্তা হয়েছে ২৭১৪৫ জন।

শাহীন সুলতানা

রেজিনা আরজু লাভলী
কর্মসূচি পরিচালক
'জীবিকায়নের জন্য প্রশিক্ষণ কর্মসূচি'
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।